

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
আইন-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.shed.gov.bd



স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৯৩.০৪.০০২.২২.২০০

তারিখ: ২৪ জ্যৈষ্ঠ ১৪২৯

০৭ জুন ২০২২

বিষয়: চট্টগ্রাম জেলার হাটহাজারী উপজেলাধীন কে এস নজুমিয়া উচ্চ বিদ্যালয়-এর প্রধান শিক্ষক জনাব এস. এ. এম. ইলিয়াছ-এর বরখাস্তাদেশ বাতিল করে স্বপদে বহাল করত: বকেয়া বেতন প্রদান সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, চট্টগ্রাম জেলার হাটহাজারী উপজেলাধীন কে এস নজুমিয়া উচ্চ বিদ্যালয়-এর প্রধান শিক্ষক জনাব এস. এ. এম. ইলিয়াছ-এর বরখাস্তাদেশ বাতিল করে স্বপদে বহাল করত: বকেয়া বেতন প্রদানের লক্ষ্যে ১০/০৯/২০২০খ্রি. তারিখে চেয়ারম্যান, আপলী ও আরবিট্রেশন কমিটি ও চেয়ারম্যান মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, চট্টগ্রাম বরাবর আবেদন করেন। আবেদনের প্রেক্ষিতে কোন ব্যবস্থা গ্রহণ না করায় তিনি মহামান্য হাইকোর্ট বিভাগে ৩২৫৬/২০২২ নং রিট পিটিশন মামলা দায়ের করেন। এ মামলায় ০৬/০৪/২০২২ তারিখে মহামান্য হাইকোর্ট বিভাগ হতে নিম্নরূপ অন্তবর্তীকালীন আদেশ প্রদান করেন;

“The respondent no. 3 is directed to dispose of the application of the petitioner dated 10.09.2020 (Annexure-G) within 30 (thirty) days from the date of respect of copy of this order.”

বর্ণিতাবস্থায়, মহামান্য হাইকোর্ট বিভাগ হতে ৩২৫৬/২০২২ নং রিট পিটিশন মামলার আদেশের প্রেক্ষিতে বাদীর ১০/০৯/২০২০ তারিখের আবেদনটি ৩০ (ত্রিশ) দিনের মধ্যে (Annexure-G) বিধি মোতাবেক নিষ্পত্তির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

৭-৬-২০২২

মো: আব্দুল জলিল মজুমদার

সহকারী সচিব

ফোন: ৫৫১০১১৬৯

ফ্যাক্স: ৯৫১৪১১৪

ইমেইল: info@moedu.gov.bd

চেয়ারম্যান

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, চট্টগ্রাম


স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৯৩.০৪.০০২.২২.২০০/১(৪)

তারিখ: ২৪ জ্যৈষ্ঠ ১৪২৯

০৭ জুন ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) সচিব এর একান্ত সচিব, সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ২) সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ৩) তথ্য ও জনসংযোগ কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
- ৪) ব্যক্তিগত কর্মকর্তা, নিরীক্ষা ও আইন অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ



৭-৬-২০২২

মো: আব্দুল জলিল মজুমদার
সহকারী সচিব